

### পত্রকণিকা

মাটিভাঙ্গা ডিগ্রী কলেজের

নিয়োগ প্রসঙ্গে

গত ২৯/১২/২০০২ তারিখে এ কলেজের ডিগ্রী পর্যায়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ব্রজমোহন কলেজ, বরিশালে অনুষ্ঠিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা হয়। লিখিত পরীক্ষা হলে কোড নং দিয়ে খাতা দেখা হলে দুর্নীতির কোন প্রশ্ন আসে না। কিন্তু মৌখিক পরীক্ষা হলে অবশ্যই দুর্নীতি হবে। আর এ কলেজের শিক্ষক নিয়োগের জন্য শুধু মৌখিক পরীক্ষা

নেয়া হয়েছে। তবে কি কর্তৃপক্ষ সব কিছু জেনে এ কাজটি করেছে? এ ক্ষেত্রে নিয়োগদাতা কমিটি এক অভিনব পন্থা অবলম্বন করেছে। নিয়োগকৃত কমিটির সরকারী প্রতিনিধি ছিলেন ব্রজমোহন কলেজের শিক্ষকবৃন্দ। নিয়োগপ্রাপ্তরাও প্রায় সবাই ব্রজমোহন কলেজের ছাত্র। যদিও সেখানে বিএল কলেজ, খুলনা, ঢাকা কলেজ, জগন্নাথ কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা উপস্থিত ছিলেন। তাহলে নিয়োগ কমিটি বলবে কি এই নিয়োগ কতটুকু নিরপেক্ষ হয়েছে?

আশীষ বৈদ্য

বাগানবাড়ী আমর্শ উচ্চ বিদ্যালয়  
বাসাবো-  
ঢাকা।